



ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা থমকে, তেলের বাজারে টানা উর্ধ্বগতি



সংগৃহীত ছবি

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে দ্বিতীয় দফার আলোচনা হওয়ার কথা থাকলেও তা আর হয়নি। ইরান নতুন প্রস্তাব দিলেও যুক্তরাষ্ট্র এখনো কোনো আনুষ্ঠানিক জবাব দেয়নি, তবে তাদের অসন্তোষের আভাস পাওয়া গেছে।

এই অবস্থায় আলোচনা কার্যত বন্ধ হয়ে আছে। এর প্রভাব পড়েছে জালানি বাজারে—বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দাম টানা সপ্তম দিনের মতো বাড়ছে।

একটি আন্তর্জাতিক সংবাদমাধ্যমের তথ্যমতে, জুনে সরবরাহের জন্য ব্রেস্ট তেলের দাম বেড়ে ব্যারেলপ্রতি ১০৮.৬৮ ডলারে পৌঁছেছে। একই সময়ে যুক্তরাষ্ট্রের অপরিশোধিত তেলের দাম বেড়ে হয়েছে ৯৬.৯৬ ডলার।

বিশ্লেষকদের মতে, দ্রুত সমাধান না এলে মধ্যপ্রাচ্যের উত্তেজনায় তেলের সরবরাহে বিঘ্ন ঘটতে পারে। এতে বিশ্ব অর্থনীতিতে নতুন করে মূল্যস্ফীতির চাপ তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে।

LENS ASIA